সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯০

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আযানের সুচনা প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي بَدْءِ الأَذَانِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ النَّضْرِ بْنِ أَبِي النَّضْرِ، حَدَّثَنَا حَجَّاجُ بْنُ مُحَمَّدٍ، قَالَ قَالَ ابْنُ جُرَيْجٍ أَخْبَرَنَا نَافِعٌ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ كَانَ الْمُسْلِمُونَ حِينَ قَدِمُوا الْمَدِينَةَ يَجْتَمِعُونَ فَيَتَحَيَّنُونَ الصَّلَوَاتِ وَلَيْسَ يُنَادِي بِهَا أَحَدٌ فَتَكَلَّمُوا يَوْمًا فِي ذَلِكَ فَقَالَ بَعْضُهُمُ اتَّخِذُوا نَاقُوسًا مِثْلَ نَاقُوسِ النَّصَارَى . وَقَالَ بَعْضُهُمُ اتَّخِذُوا قَرْنًا مِثْلَ قَرْنِ الْيَهُودِ . قَالَ فَقَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ أَوَلاَ تَبْعَثُونَ رَجُلاً يُنَادِي بِالصَّلاَةِ قَالَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا بِلاَلُ قُمْ فَنَادِ بِالصَّلاَةِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ حَدِيثِ ابْنِ عُمَرَ .

বাংলা

১৯০. আবূ ইবনু নাযর ইবনু আবী নাযর (রহঃ) ...... ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, মুসলিমরা যখন মদীনায় এলেন তখন তাঁরা একত্রিত হতেন এবং সালাতের সময়ের খোজ নিতে থাকতেন। সালাতের জন্য কাউকে ডাকার কোন ব্যবস্থা ছিলনা। একদিন তাঁরা এই বিষয়ে আলোচনা করলেন। কেউ কেউ বললেন চলুন, আমরা এই উদ্দেশ্যে খৃষ্টানদের মত ঘন্টা বাজানোর ব্যবস্থা গ্রহণ করি। কেউ কেউ বললেন ইয়াহুদীদের মত শিংগা ফুঁকার ব্যবস্থা করি। উমর উবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু বললেন সালাতের জন্য ডাকার উদ্দেশ্যে একজন লোক পাঠিয়ে দিন না!! তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন হে বিলাল! দাঁড়াও, তুমি সালাতের জন্য ডাক দিবে। - বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯০ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত এই হাদিসটি হাসান, সহীহ ও গরীব।

English

Ibn Umar narrated:
"When the Muslims arrived in Al-Madinah, they used to assemble for the Salat, and guess the time for it there was no one who called for it (the prayer). One day they discussed that and some of them said that they should use a bell like the bell the Christians use. Others said they should use a trumpet like the horn the Jews use. But Umar [bin Al-Khattab] said: 'Wouldn't it better if we had a man call for the prayer?'" He said: "So Allah's Messenger said: 'O Bilal! Stand up and call for the Salat.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17379

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন